

# শুগান্ধ

প্রিন্ট: ০৩ ডিসেম্বর ২০২৫, ০৯:৩০ এএম

শিক্ষার্থী

## স্কুল ফিডিংয়ে নিম্নমানের খাবার, শিক্ষার্থী- অভিভাবকদের ক্ষেত্রে



ইশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি

প্রকাশ: ০২ ডিসেম্বর ২০২৫, ০৩:৩৪ পিএম



ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে বহুল প্রত্যাশিত স্কুল ফিডিং কর্মসূচিতে নিম্নমানের খাদ্য বিতরণের অভিযোগ উঠেছে। সোমবার (২ ডিসেম্বর) জেলা শিক্ষা অফিসার নিজেই সরেজমিন তদন্তকালে এর প্রমাণ পেয়েছেন।

জানা যায় উপজেলার ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভার মোট ১৪০টি প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মসূচি চালু হয়েছে। প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ২৬ হাজার ৬২০ জন শিক্ষার্থী এই সুবিধার আওতায় রয়েছে।

ফিডিং সূচি অনুযায়ী গত ২৪ নভেম্বর শিক্ষার্থীদের দেওয়ার কথা ছিল বনরুটি ও দুধ। কিন্তু বাস্তবে শুধু দুধ দেওয়া হয়েছে এবং ৪০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কোন খাদ্য সামগ্রী পায়নি।

মঙ্গলবারের তালিকায় ছিল বনরুটি ও সিদ্ধ ডিম। কিন্তু সিডিউল অমান্য করে বিতরণ করা হয়েছে একটি করে সাগরকলা। যে কলার বাজারদর সর্বোচ্চ ৫ টাকা সেটির বিল দেখানো হয়েছে সাড়ে ৯ টাকা। একটি ১২০ গ্রাম বনরুটি যার মূল্য ২২ টাকা কিন্তু বিতরণ করা হয়েছে মানহীন রুটি।

১ ডিসেম্বর শিক্ষার্থীদের মাঝে যে রুটি বিতরণ করা হয়েছে তা খুবই নিম্নমানের যা শিক্ষার্থীরা খেতে চায়নি। যা নিয়ে শিক্ষক-অভিভাবক ও স্থানীয়দের মধ্যে অসন্তোষ দেখা দেয়।

### প্রাথমিক শিক্ষকের এক পদের জন্য লড়বেন ৮০ প্রার্থী

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) মো. হারুনুর রশিদের স্বাক্ষরিত সাম্প্রাহিক খাদ্য বিতরণের তালিকার সঙ্গে মাঠপর্যায়ের বাস্তবায়নের কোনো মিল নেই।

এ বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ওবায়দুল্লাহ সোমবার সরেজমিন খাদ্য বিতরণ কর্মসূচি পরিদর্শনকালে নিম্নমানের রুটি বিতরণের প্রমাণ পেয়ে সংশ্লিষ্ট বিভাগের উর্ধ্বর্তন কর্তৃপক্ষকে অভিহিত করেছেন বলে জানান তিনি।